

নং-৪৬.০০.৮৫০০.০৪২.১৪.১০১.১৭. ২৪২৪

তারিখ: ২০ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৭-২০১৮ অর্থ বছরে রংপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্র: রংপুর জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপ২/২০১৭/৫৫১(২), তারিখ: ২৯/১১/২০১৭।


২০১৭-২০১৮ অর্থ বছরে রংপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১,২০,০০,০০০/- (এক কোটি বিশ লক্ষ) টাকায় গৃহীত ২৮টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-২২ ও ২৪ এ বর্ণিত প্রকল্প ২টি ব্যতীত ১,১৫,৫০,০০০/- (এক কোটি পনের লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ২৬টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহ:

- (১) ৫.০০ লক্ষ টাকা থেকে ৫.০০ টাকার উর্ধ্বের প্রকল্পের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রংপুর কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ;
- (২) পিপিআর ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- (৩) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে;
- (৪) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।
- (৫) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ রংপুর এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

২। ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-২২ এ বর্ণিত প্রকল্পটি দারিদ্র্য চক্ষু রোগীদের চিকিৎসার জন্য চক্ষু শিবির পরিচালনা সংক্রান্ত। ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত ক্রমিক নং-২৪ এ বর্ণিত বিনামূল্যে নিরাপদ রক্ত সরবরাহের জন্য ভারুয়াল ব্ল্যাড ব্যাংক স্থাপন সংক্রান্ত। প্রকল্প ২টি জেলা পরিষদের প্রচলিত কার্যাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ নয় বিধায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।



(আনজুমান আরা)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রংপুর।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।